BANGLADESH SECURITIES AND EXCHANGE COMMISSION
Securities Commission Bhaban, E-6/C Agargaon, Sher-e-Bangla Nagar Administrative Area, Dhaka-1207, Bangladesh.

বিএসইসি/এনফোর্সমেন্ট/২৫৪০/২০১৮-.৫৫৫ তারিখ: ২০/০৫/২০১৯

# আদেশ

যেহেতু, Section 2(cc), Securities and Exchange Ordinance, 1969 (ORDINANCE No. XVII of 1969) মোতাবেক "Commission" means Bangladesh Securities and Exchange Commission constituted under the Bangladesh Securities and Exchange Commission Act, 1993 (Act No. 15 of 1993) (here in after referred to as 'Commission');

যেহেতু, Section 2CC, Securities and Exchange Ordinance, 1969 (ORDINANCE No. XVII of 1969) এর মাধ্যমে কমিশনের উপর প্রদত্ত ক্ষমতাবলে নোটিফিকেশন নম্বর SEC/CMRRCD/2009-193/49/Admin/03-48 dated July 14, 2010 জারি করে;

যেহেতু, কমিশনের নোটিফিকেশন নম্বর SEC/CMRRCD/2009-193/49/Admin/03-48 dated July 14, 2010 এর বর্ণনা নিম্নরূপ-

"..... Every sponsor shareholder or director or placement holder of a company listed with any stock exchange shall simultaneously submit a written report to the Securities and Exchange Commission and the stock exchange with which the company is listed about his/her/its intention to buy or sell or otherwise dispose off in any manner whatsoever the shares held by him/her/it in that company in the following format: ....."

যেহেতু, ডা. মনোয়ার হোসেন (Dr. Monwar Hossain) 'পিপলস্ লিজিং এন্ড ফিনান্সিয়াল সার্ভিসেস লিমিটেড' এর উদ্যোক্তা; এবং উদ্যোক্তা হিসেবে তিনি বিগত জুন, ২০১৭ ইং হতে জুলাই, ২০১৭ ইং তারিখের মধ্যে 'পিপলস্ লিজিং এন্ড ফিনান্সিয়াল সার্ভিসেস লিমিটেড' এর ১,৫৮,৫৩২ টি শেয়ার পূর্ব ঘোষণা ছাড়াই বিক্রি করেছেন;

যেহেতু, উপর্যুক্ত পূর্ব ঘোষণা ছাড়া শেয়ার বিক্রির মাধ্যমে ডা. মনোয়ার হোসেন কমিশনের নোটিফিকেশন নম্বর SEC/CMRRCD/2009-193/49/Admin/03-48 dated July 14, 2010 এর সুস্পষ্ট লঙ্ঘন করেছেন;

যেহেতু, ডা. মনোয়ার হোসেন কর্তৃক উপর্যুক্ত কর্মকান্ডের কারণে কমিশনের এনফোর্সমেন্ট বিভাগের এপ্রিল ১২, ২০১৮ইং তারিখের বিএসইসি/এনফোর্সমেন্ট/২৫৪০/২০১৮-১৭৯ স্মারকমূলে 'ডা. মনোয়ার হোসেন'-কে নির্ধারিত তারিখে কারণ প্রদর্শন সহ শুননীতে উপস্থিত হতে বলা হয় এবং তিনি নির্ধারিত ২৩ এপ্রিল, ২০১৮ইং তারিখে শুনানিতে উপস্থিত হয়ে ব্যাখ্যা দাখিল করতে ব্যর্থ হন;

যেহেতু, Section 22, Securities and Exchange Ordinance, 1969 (ORDINANCE No. XVII of 1969) মোতাবেক শুনানিতে অনুপস্থিত থাকার কারণে কমিশন একপক্ষীয় সিদ্ধান্ত নিতে বাধ্য হয়েছে;



Phone (PABX) : +88-02-55007131-2, Fax : +88-02-55007106, E-mail : secbd@bdmail.net, Web : www.sec.gov.bd

# BANGLADESH SECURITIES AND EXCHANGE COMMISSION

Securities Commission Bhaban, E-6/C Agargaon, Sher-e-Bangla Nagar Administrative Area, Dhaka-1207, Bangladesh.


যেহেতু, উপর্যুক্ত বিষয়সমূহের ফলশ্রুতিতে দেখা যায় যে, ডা. মনোয়ার হোসেন কর্তৃক কর্তৃক পূর্ব ঘোষণা ছাড়া 'পিপলস্ লিজিং এন্ড ফিনান্সিয়াল সার্ভিসেস লিমিটেড' এর শেয়ার বিক্রি কমিশনের নোটিফিকেশন নম্বর SEC/CMRRCD/2009-193/49/Admin/03-48 dated July 14, 2010 এর সুস্পষ্ট লংঘন; এবং ডা. মনোয়ার হোসেন শুনানিতে উপস্থিত হয়ে ব্যাখ্যা প্রদানে ব্যর্থ হয়েছেন;

যেহেতু, 'পিপলস্ লিজিং এন্ড ফিনান্সিয়াল সার্ভিসেস লিমিটেড' এর উদ্যোক্তা হিসেবে ডা. মনোয়ার হোসেন সিকিউরিটিজ সংক্রান্ত আইন ও বিধিবিধান পরিপালনে ব্যর্থতার জন্য দায়ী;

যেহেতু, 'পিপলস্ লিজিং এন্ড ফিনান্সিয়াল সার্ভিসেস লিমিটেড'-এ জনসাধারণের মালিকানার শেয়ার রয়েছে যা স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত ছিল, কিন্তু 'ডা. মনোয়ার হোসেন' কর্তৃক পূর্ব ঘোষণা ছাড়া 'পিপলস্ লিজিং এন্ড ফিনান্সিয়াল সার্ভিসেস লিমিটেড' এর শেয়ার বিক্রির কারণে বিনিয়োগকারীদের স্বার্থ ক্ষুণ্ণ হয়েছে ও হচ্ছে, যা পুঁজিবাজারের উন্নয়নেরও পরিপন্থী;

যেহেতু, 'পিপলস্ লিজিং এন্ড ফিনান্সিয়াল সার্ভিসেস লিমিটেড'-এ বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষা সহ পুঁজিবাজারের উন্নয়ন ও শৃংখলা রক্ষা করা কমিশনের অন্যতম উদ্দেশ্য তথা কর্তব্য;

যেহেতু, 'ডা. মনোয়ার হোসেন' আলোচ্য কর্মকান্ড তথা সিকিউরিটিজ আইন ও উহার অধীনে জারিকৃত বিধি-বিধান ভঙ্গের জন্য দায়ী, যা Securities and Exchange Ordinance, 1969 এর Section 22 এর অধীন শাস্তিযোগ্য অপরাধ;

যেহেতু, কমিশনের বিবেচনায়, সিকিউরিটিজ আইন ও বিধি-বিধান পরিপালনে আলোচ্য ব্যর্থতার জন্য, পুঁজিবাজারের শৃংখলা, স্বচ্ছতা এবং জনস্বার্থে 'ডা. মনোয়ার হোসেন'-কে জরিমানা করা সমীচীন ও প্রয়োজন;

সেহেতু, কমিশন উল্লিখিত যাবতীয় বিষয় বিবেচনাপূর্বক, Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর Section 22 [যা The Securities and Exchange (Amendment) Act, 2000 দ্বারা সংশোধিত] এ প্রদত্ত ক্ষমতাবলে 'ডা. মনোয়ার হোসেন'-কে ১ (এক) লক্ষ টাকা জরিমানা ধার্য্য করল যা অত্র আদেশের ১৫ (পনের) দিনের মধ্যে 'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন' এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে কমিশনে জমা করতে হবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পক্ষে,

20.10.2019

খোন্দকার কামালউজ্জামান

কমিশনার

বিতরণ:

১। 'ডা. মনোয়ার হোসেন', উদ্যোক্তা, 'পিপলস্ লিজিং এন্ড ফিনান্সিয়াল সার্ভিসেস লিমিটেড', বাড়ি নং- ২৪, রোড নং- ০৫, ফ্ল্যাট নং- এ-৬, ধানমন্ডি, ঢাকা-১২০৫।



Phone (PABX) : +88-02-55007131-2, Fax : +88-02-55007106, E-mail : secbd@bdmail.net, Web : www.sec.gov.bd